গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০১.২৫-৩৬০

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের জন্য পাশে বর্ণিত যোগ্যতা সম্পন্ন **সকল জেলার প্রার্থী এবং প্রকৃত বাংলাদেশি নাগরিকদের** নিকট থেকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর<br>(১৩তম গ্রেড)<br>বেতন স্কেল-১১০০০-২৬৫৯০/- | ০১<br>(এক)-টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) সাঁটলিপি পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দসহ কম্পিউটার এপটিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে।<br>(ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং-সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>(১৩তম গ্রেড)<br>বেতন স্কেল-১১০০০-২৬৫৯০/- | ০১<br>(এক)-টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) সাঁট-মুদ্রাক্ষরিক পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজিতে ৭০ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দসহ কম্পিউটার এপটিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে।<br>(ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং-সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩. | থানা/উপজেলা প্রশিক্ষক<br>(১৫তম গ্রেড)<br>বেতন স্কেল-৯৭০০-২৩৪৯০/- | ২১<br>(একুশ)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ দৈহিক উচ্চতা (কমপক্ষে) ৫'-৪" এবং বুকের মাপ ন্যূনতম ৩০"-৩২"; তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত ইউনিয়ন দলনেতাদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>*** নিয়োগ বিধি অনুযায়ী এই পদে শুধু পুরুষ প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।** |
| ৪. | উপজেলা/থানা মহিলা প্রশিক্ষিকা<br>(১৫তম গ্রেড)<br>বেতন স্কেল-৯৭০০-২৩৪৯০/- | ৭১<br>(একাত্তর)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট; তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত ইউনিয়ন দলনেত্রীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>*** নিয়োগ বিধি অনুযায়ী এই পদে শুধু মহিলা প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।** |
| ৫. | পেস্টিং সহকারী<br>(১৬তম গ্রেড)<br>বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬. | প্রুফ রিডার<br>(১৬তম গ্রেড)<br>বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭. | অফিস সহকারী<br>(১৬তম গ্রেড)<br>বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)-টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট;<br>(খ) কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দসহ কম্পিউটার এপটিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে।<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং-সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৮. | সিইউইং, নিটিং এন্ড স্টিচিং ইন্সট্রাক্টর<br>(১৬তম গ্রেড)<br>বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

২৬/০২/২০২৫

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ৯. | আউট বোর্ড মটর ড্রাইভার (১৬তম গ্রেড) বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০৭ (সাত)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ স্পীড বোট চালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০. | ইলেকট্রিশিয়ান (১৬তম গ্রেড) বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০১ (এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ট্রেডকোর্স সনদপত্র এবং "সি" লাইসেন্সহোল্ডার হইতে হইবে। |
| ১১. | বুট মেকার (১৭তম গ্রেড) বেতন স্কেল-৯০০০-২১৮০০/- | ০২ (দুই)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২. | মহিলা আনসার (১৮তম গ্রেড) বেতন স্কেল-৮৮০০-২১৩১০/- | ৪৮ (আটচল্লিশ)-টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) দৈহিক উচ্চতা কমপক্ষে ৫'-২" । |
| ১৩. | সিগন্যাল অপারেটর (১৮তম গ্রেড) বেতন স্কেল-৮৮০০-২১৩১০/- | ০৭ (সাত)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ বেতার যন্ত্র চালনার ক্ষেত্রে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৪. | মেসন (১৮তম গ্রেড) বেতন স্কেল-৮৮০০-২১৩১০/- | ০১ (এক)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৫. | সূত্রধর (১৮তম গ্রেড) বেতন স্কেল-৮৮০০-২১৩১০/- | ০১ (এক)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৬. | পেইন্টার (১৮তম গ্রেড) বেতন স্কেল-৮৮০০-২১৩১০/- | ০১ (এক)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৭. | গার্ড সিপাহী (১৯তম গ্রেড) বেতন স্কেল-৮৫০০-২০৫৭০/- | ০৬ (ছয়)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৮. | রেজিমেন্টাল পুলিশ (১৯তম গ্রেড) বেতন স্কেল-৮৫০০-২০৫৭০/- | ০৪ (চার)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৯. | এমুনিশন (এনসিও) (নন-কমিশন কর্মকর্তা) (১৯তম গ্রেড) বেতন স্কেল-৮৫০০-২০৫৭০/- | ০১ (এক)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ গোলাবারুদ রক্ষণাবেক্ষণে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২০. | কোয়ার্টার মাস্টার (১৯তম গ্রেড) বেতন স্কেল-৮৫০০-২০৫৭০/- | ০৩ (তিন)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২১. | ব্যান্ডস্ ম্যান (১৯তম গ্রেড) বেতন স্কেল-৮৫০০-২০৫৭০/- | ২৮ (আটাশ)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ দৈহিক উচ্চতা (কমপক্ষে) ৫'-৪", এবং বুকের মাপ কমপক্ষে ৩০"-৩২", তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>*** নিয়োগ বিধি অনুযায়ী এই পদে শুধু পুরুষ প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।** |
| ২২. | মহিলা ব্যান্ড (১৯তম গ্রেড) বেতন স্কেল-৮৫০০-২০৫৭০/- | ১৮ (আঠারো)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ দৈহিক উচ্চতা (কমপক্ষে) ৫'-২", তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>*** নিয়োগ বিধি অনুযায়ী এই পদে শুধু মহিলা প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।** |
| ২৩. | টেন্ডল (১৯তম গ্রেড) বেতন স্কেল-৮৫০০-২০৫৭০/- | ০৩ (তিন)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৪. | এনসিও/ব্যারাক (১৯তম গ্রেড) বেতন স্কেল-৮৫০০-২০৫৭০/- | ০২ (দুই)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

২৬/০২/২০২৫

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ২৫. | লস্কর<br>(২০তম গ্রেড)<br>বেতন স্কেল-৮২৫০-২০০১০/- | ০১<br>(এক)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৬. | অয়েলম্যান<br>(২০তম গ্রেড)<br>বেতন স্কেল-৮২৫০-২০০১০/- | ০২<br>(দুই)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৭. | মালী<br>(২০তম গ্রেড)<br>বেতন স্কেল-৮২৫০-২০০১০/- | ০৩<br>(তিন)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ বাগান পরিচর্যার কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৮. | বাবুর্চী<br>(২০তম গ্রেড)<br>বেতন স্কেল-৮২৫০-২০০১০/- | ০৪<br>(চার)-টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ রন্ধন বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৯. | পরিচ্ছন্নতা কর্মী<br>(২০তম গ্রেড)<br>বেতন স্কেল-৮২৫০-২০০১০/- | ০২<br>(দুই)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অষ্টম শ্রেণি, জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ।<br>*** হরিজন সম্প্রদায়ের প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে।** |
| ৩০. | নিরাপত্তা প্রহরী<br>(২০তম গ্রেড)<br>বেতন স্কেল-৮২৫০-২০০১০/- | ০৪<br>(চার)-টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণসহ নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা, যথা:-<br>(অ) উচ্চতা কমপক্ষে ৫'-৪";<br>(আ) বুকের মাপ ৩০"-৩২"; এবং<br>(ই) সুস্বাস্থ্যের অধিকারী:<br>তবে শর্ত থাকে যে, নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যগণ অগ্রাধিকারপ্রাপ্ত হইবেন। |
| ৩১. | অফিস সহায়ক<br>(২০তম গ্রেড)<br>বেতন স্কেল-৮২৫০-২০০১০/- | ২৪<br>(চব্বিশ)-টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বাইসাইকেল চালনায় পারদর্শী;<br>তবে শর্ত থাকে যে, নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যগণ অগ্রাধিকারপ্রাপ্ত হইবেন। |

**বি. দ্র.: স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০১.২৩-১৪৫৭, ২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে উপর্যুক্ত ছকে বর্ণিত পদ/পদসমূহে (ক্রম ৩: থানা/উপজেলা প্রশিক্ষক ও ক্রম ৪: উপজেলা/থানা মহিলা প্রশিক্ষিকা ব্যতিত) যে সকল প্রার্থী ইতঃপূর্বে আবেদন করেছেন তাদের আবেদন বহাল থাকবে। তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

**শর্তাবলি:**

১. আবেদনকারীগণ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইট www.ansarvdp.gov.bd এ প্রবেশ করে গুরুত্বপূর্ণ লিংক এর আওতায় ৩য় ও ৪র্থ শ্রেণির নিয়োগ লিংকে ক্লিক করে আবেদন করতে পারবেন।

**অন-লাইনে আবেদন করার নিয়ম/পদ্ধতি:**

২. (ক) ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) অথবা যে কোন অনলাইন সুবিধা সম্পন্ন কম্পিউটার থেকে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইট (www.ansarvdp.gov.bd) এ ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ লিংকে ক্লিক করে আবেদন ফরম পুরণ করতে পারবেন। **উক্ত লিংকটি ২৮/০২/২০২৫ খ্রি. তারিখ হতে ২০/০৩/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সক্রিয় থাকবে।**

(খ) অনলাইনে রেজিস্ট্রেশনকালীন ফি ক্রমিক নং-০১ হতে ১০ পর্যন্ত ১০০/-(একশত) টাকা এবং ক্রমিক নং-১১ হতে ৩১ পর্যন্ত ৫০/-(পঞ্চাশ) টাকা আবেদন পোর্টালে প্রদর্শিত মানি ট্রান্সফার পদ্ধতি অনুসরণ করে অর্থ জমা দিতে হবে।

(গ) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত যে কোন জটিলতায় প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে রাত ১০.০০ ঘটিকার মধ্যে **০৯৬৭৭১১২২৪৪** এই ফোন নম্বরে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে অনলাইন হতে আবেদনপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। যথাসময়ে প্রার্থীর আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার তারিখ ও প্রবেশপত্র ডাউনলোড করার জন্য অবহিত করা হবে।

(ঘ) আবেদনকালে প্রার্থীর নিজ মোবাইল নম্বরে এসএমএস-এর মাধ্যমে প্রদত্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীতে প্রবেশপত্র ডাউনলোড করতে প্রয়োজন হবে।

(ঙ) পরীক্ষার সময় অবশ্যই প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। প্রবেশপত্র ছাড়া কোন ক্রমেই পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

২৬/০২/২০২৫

৩. লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে নিম্নবর্ণিত কাগজপত্রাদির ১ (এক) সেট ফটোকপি সত্যায়িত এবং মূল কপি মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/স্বাস্থ্য পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে;

(ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র।

(খ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।

(গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল ও সাময়িক সনদপত্র।

(ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র।

(ঙ) (১) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার মূল/সাময়িক সনদপত্র।

(২) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ।

(চ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে কোটার সপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র।

(ছ) প্রার্থী ক্ষুদ্র-নৃগোষ্ঠী হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল/সত্যায়িত সনদপত্র।

(জ) জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড-এর ফটোকপি।

(ঝ) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতার সনদপত্র।

(ঞ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে অনলাইনে আবেদনপত্র পূরণের সময় কোন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে **বর্তমানে কর্মরত** অপশনে **হ্যাঁ**/না নির্বাচন করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৪. **প্রার্থীর বয়স বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ অর্থাৎ ২৭/০২/২০২৫ খ্রি.-এ ন্যূনতম ১৮ বছর এবং অনূর্ধ্ব ৩২ বছর হতে হবে। বয়সের ব্যাপারে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।**

৫. বিধি মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৬. লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭. প্রতিটি পদে আবেদনের জন্য ১০০/-(একশত) অথবা ৫০/-(পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) পরিশোধ করতে হবে। পরিশোধের নিয়মাবলি আবেদন ফরম পূরণের ওয়েবসাইটে দেওয়া থাকবে।

৮. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবেন না।

৯. বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০. **এ নিয়োগ প্রক্রিয়া চলমান অবস্থায় সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটা পদ্ধতি, বয়স এবং অন্য কোন বিষয়ে কোন প্রকার আদেশ জারি হলে তা যথাযথভাবে অনুসরণ করা হবে।**

১১. নিয়োগের যে কোন পর্যায়ে প্রার্থীর আবেদনে প্রদত্ত কোন তথ্য ভুল প্রমাণিত হলে কিংবা প্রার্থী কোন ভুয়া/অসত্য তথ্য দাখিল করলে তার আবেদনপত্র/নিয়োগ বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২. সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১৩. আবেদনকারীর অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

১৪. আবেদনকারীর অনলাইনে সঠিক জাতীয় পরিচয়পত্র নম্বর প্রদান করতে হবে। জাতীয় পরিচয় পত্রের নম্বর যাচাইকালে ভুল প্রমাণিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ আবেদনকারীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা রাখে।

১৫. **আবেদন করার শেষ সময় ২০/০৩/২০২৫ খ্রি. তারিখ।**

১৬. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭. উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২৫/০২/২০২৫

সদস্য সচিব

বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান কমিটি